তারিখ ২৭।৮।৮১
পৃষ্ঠা ... কলাম ...

025

দৈনিক বাংলা

# ডঃ হাসান জামানের ইন্তেকাল

রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক ও জেদ্দার বাদশাহ আবদুল আজিজ বিশ্ববিদ্যালয়ের সংখ্যালঘু বিষয়ক বিভাগের পরিচালক ডঃ হাসান জামান গত সোমবার লন্ডনে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে......রাজেউন)। বুধবার ঢাকায় প্রাপ্ত এক খবরে একথা জানা গেছে। খবর বাসসের।

ডঃ জামান কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ছিলেন। তিনি যখন জেদ্দা যাবার উদ্দেশ্যে কেমব্রিজ থেকে লন্ডন যাচ্ছিলেন, তখন তাঁর হৃদযন্ত্র বন্ধ হয়ে যায়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৩ বছর। আগামী শনিবার মক্কাশরীফে মরহুমের দাফন হবে।

মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই মেয়ে ও দুই ছেলে এবং অসংখ্য আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব ও গুণগ্রাহী রেখে গেছেন।

বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ জামান ২০ বছরেরও বেশীকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের প্রফেসর ছিলেন। তিনি ইসলাম বিষয়ক বহু গ্রন্থ রচনা করেছেন।